

# পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিমিটেড



বাঁকুড়া আধিক্যলিক কার্যালয়

(পশ্চিমবঙ্গ সরকার)

নূতনচাটি (বাইপাশ রোড), বাঁকুড়া, পিন-৭২২১০১

ফোন নং: ০৩২৪২৭৯৬৩০৩ / ৯০৬৪৪৩৮৪৭৮, ইমেইল: robankura@gmail.com

স্মারক সংখ্যা: ৫৮০(৬) ড্রু.বি.টি.ডি.সি.আর.ও/বি.এন.কে

তারিখ: ১১/০৮/২০২২

## বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিমিটেডের বাঁকুড়া আধিক্যলিক কার্যালয়ের অর্তগত নিম্নলিখিত ল্যাম্পস গুলিতে ২০২২ বর্ষের সংগৃহীত কেন্দুপাতা গুদাম জাত রয়েছে। ইচ্ছুক ক্রেতাদের এই কেন্দুপাতা ক্রয়ের জন্য দরপত্র চাওয়া হচ্ছে। নিলামে সর্বোচ্চ দর দাতাকে কেন্দুপাতা ক্রয়ের জন্য নির্বিচিত করা হবে। নিলামের দিন প্রয়োজনীয় নথীপত্র নিয়ে ক্রেতাকে উপস্থিত থাকতে হবে। নিলামে তারিখ ২৬-০৮-২০২২ সকাল ১ ঘটিকায় নিগমের বাঁকুড়া আধিক্যলিক কার্যালয়ের অফিসে মৌখিক দর পত্রের মাধ্যমে।

ক্রমিক নং	ল্যাম্পসের নাম	মজুত কেন্দুপাতার পরিমাণ (কুঁঠ)	প্রয়োজনীয় নথীপত্র
১	ডি.আর.এম.এস. ল্যাম্পস লিৎ	১৩৪.৮০ কুঁঠ (সাধারণ পাতা)	১) PAN Card এর Self Attested কপি, ২) EPIC / Aadhaar এর Self Attested কপি
২	তালভাঁরা আদিবাসী ল্যাম্পস লিৎ	৩০.৭৩ কুঁঠ (সাধারণ পাতা)	

উপরোক্ত কেন্দুপাতা ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাদের নিম্নলিখিত শর্তাদি মানিয়া চলিতে হইবে। যথা-

- ১) উপরোক্ত কেন্দুপাতাগুলি যেখানে যে অবস্থায় রয়েছে সেই অবস্থায় বিক্রয় যোগ্য। বস্তা থেকে কেন্দুপাতাগুলিকে এই পর্যায়ে বাছাই করা যাবে না।
- ২) নীলামে যে কোন কেন্দুপাতা ক্রেতা অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট ক্রেতার প্যান কার্ড কিংবা আধার কার্ড থাকা বাধ্যতামূলক।
- ৩) ক্রেতাকে নীলামে অংশগ্রহণ করার পূর্বে Earnest Money হিসাবে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জমা দিতে হবে। যা নীলামে নির্দিষ্ট বিক্রয় মূল্য এবং বর্তমানে আরোপিত কর জমা দিয়ে গোড়াউন থেকে পাতা তোলার পর ফেরত দেওয়া হবে। ক্রেতা নির্দিষ্ট সময়ের মধ্যে বিক্রয়মূল্য এবং পাতা তুলতে অসমর্থ হলে উক্ত Earnest Money বাজেয়াও করা হবে। সর্বোচ্চ দরদাতা ক্রেতার Earnest Money জমা নিয়ে বাকী ক্রেতার Earnest Money নিলাম কক্ষেই ফেরত দেওয়া হবে।
- ৪) ল্যাম্পস এবং কর্পোরেশনের সর্বোচ্চ দরদাতা ক্রেতার দর গ্রহণ করতে বাধ্য নয় এবং দরপত্র গ্রহণ না করার অধিকার ল্যাম্পস ও কর্পোরেশনের আছে। অন্যথায় বিক্রয়চুক্তি ল্যাম্পস বাতিল করতে পারে এবং নতুন করে নীলাম / টেনডার / চুক্তির ভিত্তিতে পাতা বিক্রয়ের ব্যবস্থা করতে পারে। ল্যাম্পস ও কর্পোরেশন প্রয়োজনে নীলাম মূলতুবি / বাতিল / বিক্রয় চুক্তি বাতিল করার ক্ষমতা আছে।
- ৫) সর্বোচ্চ দরদাতা ক্রেতাকে নির্দিষ্ট লটের ক্রেতা হিসাবে ঘোষনা করা হবে। ক্রেতাকে নীলামের এক সপ্তাহের (৭দিন) মধ্যে প্রস্তাবিত বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিতে হবে। অন্যথায় বিক্রয়চুক্তি ল্যাম্পস বাতিল করতে বাধ্য থাকবে।
- ৬) প্রথম দরদাতা ক্রেতা নির্দিষ্ট লটের প্রস্তাবিত বিক্রয়মূল্য জমা দিতে অসমর্থ হলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ক্রেতাকে ক্রয়ের জন্য প্রস্তাব দেওয়া হবে। প্রথম ক্রেতার সর্বোচ্চ দর থেকে দ্বিতীয় ক্রেতার দেওয়া দরের তফাত বেশী হলে তার জন্য ল্যাম্পস দ্বিতীয় দরদাতাকে পাতা বিক্রয় করবে কিনা তা উভয়পক্ষ আলোচনার মাধ্যমে হিঁর করা হবে। ল্যাম্পস এবং কর্পোরেশনের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গন্য হবে।
- ৭) দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ক্রেতার দরপত্র গ্রহণ করা হলে নির্দিষ্ট ৭ দিনের মধ্যে প্রস্তাবিত বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিতে হবে। ব্যর্থ হলে বা প্রস্তাবিত দরে পাতা ক্রয় করতে রাজি না হলে সেই লট/লটগুলির বিক্রয়চুক্তি ল্যাম্পস / কর্পোরেশন

বাতিল করতে বাধ্য থাকবে। সেক্ষেত্রে ক্রেতার সাথে আলাদা ভাবে আর কোন যোগাযোগ করা হবে না। ক্রেতাদেরকে পরবর্তীকালে আর কোন নীলামে অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

গ) ৭(সাত) দিনের মধ্যে বিক্রয় মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দেওয়ার পর ক্রেতাকে অবশিষ্ট ৫০ শতাংশ টাকা ৬০ দিনের মধ্যে জমা দিতে হবে।

ঘ) যদি ক্রেতা বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিয়ে থাকে এবং বাকী ৫০ শতাংশ টাকা জমা দিতে ব্যর্থ হয় তবে জমা দেওয়া ৫০ শতাংশ টাকার মধ্যে ১০ শতাংশ টাকা কেটে ফেরৎ পাবে। এখানে উল্লেখ্য যে পরবর্তীকালে উক্ত লট বিক্রি করতে যদি ক্ষতি হয় তবে সেই ক্ষতির টাকা ক্রেতার নিকট থেকে (যার জন্য ক্ষতি হলো) আদায় করা হবে বা ৫০ শতাংশ জমাকৃত টাকা থেকে কেটে নেওয়া হবে।

৬) সম্পূর্ণ প্রস্তাবিত বিক্রয় মূল্য ছাড়াও অনান্য ধার্যকৃত করের টাকা (GST, TDS, Etc.) ডেলিভারী অর্ডার নেওয়ার পূর্বে ক্রেতাকে জমা দিতে হবে।

৭) ক্রেতা যে কোন দিন (ছুটির দিন বাদে) ল্যাম্পসের গোড়াউনে মজুত করা পাতা পরিদর্শন করতে পারবেন।

৮) ল্যাম্পস ট্রানজিট পাশের (টি.পি.) জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। কিন্তু টি.পি. চার্জ কিলো প্রতি ৩.০০ টাকা হিসাবে ক্রেতাকেই দিতে হবে।

নিবেদন

ইতি

আঞ্চলিক ব্যবস্থাপক

পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ

বাঁকুড়া আঞ্চলিক কার্য্যালয়

স্বারক সংখ্যা: ৫৮০/১/৬) ডব্লু.বি.টি.ডি.সি.সি./আর.ও/বিএন.কে তারিখ: ১১/০৬/২০২২

অনুলিপি প্রেরন করা হইল-

১) মাননীয়, পরিচালন অধিকর্তা, পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ, কোলকাতা

২) মাননীয়, সহপরিচালন অধিকর্তা(বিক্রয়), পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ মহাশয়কে এই বিজ্ঞপ্তি নিগমের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩) মাননীয়, আঞ্চলিক ব্যবস্থাপক পুরুলিয়া/বাড়গ্রাম এবং শাখা ব্যবস্থাপক সিউড়ি, পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ

৪) মাননীয়, অতিরিক্ত জেলা শাসক, উন্নয়ন, বাঁকুড়া জেলা।

৫) মাননীয়, সমষ্টি উন্নয়ন আধিকারিক ও বিশেষ আধিকারিক ..... ল্যাম্পস লিঃ

৬) মাননীয়, সভাপতি/সম্পাদক/একাউন্টেন্ট, ..... ল্যাম্পস লিঃ

আঞ্চলিক ব্যবস্থাপক

পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ

বাঁকুড়া আঞ্চলিক কার্য্যালয়